গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.১১৪৫

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ ১৪৩২
১৫ মে ২০২৫

প্রেরকঃ মোঃ হারুন রেজা
সিনিয়র সহকারী সচিব

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং- ৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা ।

বিষয়ঃ চলতি ২০২৪-২৫ অর্থবছরে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহকে "৩২১১১৩১- আউটসোর্সিং" খাতে অর্থ বরাদ্দ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে "১২১০৫০৪০০০০০০- নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ", এর কোডের অধীন "৩২১১১৩১-*আউটসোর্সিং*" খাতে ৫% সার্ভিস চার্জ ধরে ইতোপূর্বে অর্থ ছাড় করা হয়েছিল। নিম্নের ছকে বর্ণিত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ ১০% সার্ভিস চার্জ ধরে চুক্তিপত্র সম্পন্ন করেছে। চাহিদার প্রেক্ষিতে উল্লিখিত ট্রাইব্যুনালসমূহের বিপরীতে অবশিষ্ট ৫% সার্ভিস চার্জ সহ ভ্যাট আয়কর কর্তন করে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর আলোকে সেবা মূল্য পরিশোধ করার জন্য ছকে বর্ণিত বিভাজন অনুযায়ী শর্ত প্রতিপালন সাপেক্ষে বকেয়া অর্থ ছাড় করণের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী ঃ

(ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;

(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;

(গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে। সেবামূল্যের পরিমাণ বেশি হলে বিল পরিশোধের পূর্বেই আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে:

(ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;

(ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;

(চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;

(ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;

(জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

(ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৫ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

## নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ

| ক্রঃ নং | আদালত/ ট্রাইব্যুনালের নাম | সেবার নাম ও সংখ্যা | মাসিক ন্যূনতম সেবামূল্য | প্রদেয় সার্ভিস চার্জ (৫% হারে) | চাহিত সার্ভিস চার্জ (১০% হারে) | আয়কর কর্তন ১০% হারে (যা সেবা প্রদানকারী কর্তৃক প্রদেয়) | ভ্যাট কর্তন (১৫% হারে) | মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | খুলনা-১ | জারীকারক-০১ জন | ১৬,৬২০ | ৮৩১ | ৮৩১ x ১২= ৯,৯৭২ | ৯৯৮ | ১২৫ x ১২= ১,৫০০ | ১১,৪৭২ |
| ২. | খুলনা-২ | জারীকারক-০১ জন | ১৬,৬২০ | ৮৩১ | ৮৩১ x ১২= ৯,৯৭২ | ৯৯৮ | ১২৫ x ১২= ১,৫০০ | ১১,৪৭২ |
| ৩. | বাগেরহাট-১ | জারীকারক-০১ জন | ১৬,১৩০ | ৮০৭ | ৮০৭ x ১২= ৯,৬৮৪ | ৯৬৯ | ১২২ x ১২= ১,৪৬৪ | ১১,১৪৮ |

স্বাঃ-/

(মোঃ হারুন রেজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ)।
ইমেইল-lawjusticediv.budget@gmail.com

নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.১১৪৫

**তারিখঃ ১৫/০৫/২০২৫ খ্রিঃ**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, খুলনা-১/২, বাগেরহাট-১ ।
২। ডিভিশনাল কন্ট্রোলার অফ একাউন্টস, খুলনা-১/২।
৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাগেরহাট-১ ।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ হারুন রেজা)
সিনিয়র সহকারী সচিব